গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
অডিট শাখা-১
www.mohpw.gov.bd

স্মারক নং- ২৫.০০.০০০০.১৪৩.০১.০০৮.২৩- ৫৮৬

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৭ নভেম্বর ২০২৬

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের ১১-২০ গ্রেডের রাজস্ব খাতের শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র: (১) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর ২৫.৪৬.০০০০.০০০.০০১.১১.০৩৯১.২৬-৩৪৫ নম্বর স্মারক, তারিখ: ০৬ সেপ্টেম্বর ২০২৬
(২) অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর ২৫.৪৬.০০০০.০০০.০০১.২৮.০০৩২.১৯-৩২৮ নম্বর স্মারক, তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর ২০১০ তারিখের ১৩৫৬ নং পরিপত্র এবং ১৯/১০/২০২১ তারিখের ২৪৯ নং পরিপত্রের আলোকে অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তরের ১১-২০ গ্রেডের রাজস্ব খাতের ০৯ (নয়) টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো।

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	ছাড়কৃত পদের সংখ্যা
১.	অডিটর	১১	০৪ (চার) টি
২.	ক্যাশিয়ার	১৬	০১ (এক) টি
৩.	অফিস সহকারী কাম-কম্পিউটারর মুদ্রাক্ষরিক	১৬	০১ (এক) টি
৪.	গাড়ী চালক	১৬	০১ (এক) টি
৫.	অফিস সহায়ক	২০	০২ (দুই) টি
		মোট	০৯ (নয়) টি

২. শর্তাবলী:

১. সকল আনুষ্ঠানিকতা পালনসহ অনুমোদিত নিয়োগ বিধিমালা ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. কেবল মৃত্যুজনিত, অবসরজনিত, পদোন্নতিজনিত কারণে অর্থাৎ বিধিসম্মতভাবে পদ শূন্য হলে উক্ত শূন্য পদে জনবল নিয়োগ করা যাবে। আউট সোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
৩. সরাসরি নিয়োগযোগ্য সকল শূন্য পদ সংশ্লিষ্ট দপ্তরের অর্গানোগ্রামভূক্ত হতে হবে;
৪. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় এবং অন্যান্য কোন তথ্যে গরমিল/তারতম্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে প্রস্তাবকারী কর্তৃপক্ষ/নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন;
৫. বর্তমানে ছাড়কৃত ০৯ (নয়) টি পদের বিরুদ্ধে কোন চলমান/পেন্ডিং মামলা থাকলে, সে সব পদে জনবল নিয়োগ করা যাবে না;
৬. জনবল নিয়োগের ১৫ (পনের) দিনের মধ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কে অবহিত করতে হবে;
৭. অর্গানোগ্রাম ও পদসৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি এবং শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণপূর্বক প্রতি শ্রেণীর পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে শূন্যপদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৮. সংশ্লিষ্ট বিধি-বিধান এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ নভেম্বর, ২০১০ তারিখের ১৩৫৬ নম্বর পরিপত্র এবং ১৯ অক্টোবর, ২০২১ তারিখের ২৪৯ নং পরিপত্র অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে উদ্বৃত্ত কর্মচারীদের জন্য ১০% পদ সংরক্ষণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।

০৭/১১/২৬

(মোঃ মনিরুজ্জামান)
উপসচিব
ফোন: ০২৫৫১০১৪৪১

পরিচালক
অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় আইসিটি শাখা

Letter\BP-305